



## জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ই-মেইলঃ [info@nhrc.org.bd](mailto:info@nhrc.org.bd)

স্মারক নং: এনএইচআরসিবি/প্রেস:বিজ্ঞ:/ -২৩৯/১৩- ১০৩

তারিখঃ ২৪ আগস্ট ২০২০

### প্রেস বিজ্ঞপ্তি-

চোর অপবাদে মা- মেয়েকে রশি দিয়ে বেঁধে প্রকাশ্য সড়কে ঘোরানোর ঘটনায় ভুক্তভোগী

মা-মেয়ের পক্ষে মামলা লড়বে জাতীয় মানবাধিকার কমিশন

গত ২৩ আগস্ট ২০২০ তারিখ গণমাধ্যমে প্রকাশিত “চোর অপবাদে মা- মেয়েকে রশি দিয়ে বেঁধে ঘোরানো হয় প্রকাশ্য সড়কে” শীর্ষক সংবাদের প্রতি জাতীয় মানবাধিকার কমিশনের দৃষ্টি আকৃষ্ট হয়। কমিশনের মাননীয় চেয়ারম্যান নাছিমা বেগম এনডিসি এ বিষয়ে বলেন, এই ঘটনায় ভুক্তভোগী মা- মেয়ের মানবাধিকারের চরম লঙ্ঘন হয়েছে। তিনি মনে করেন, এতে শুধু দুজন নারীর অপমান হয়েছে এমন নয়, এতে গোটা মানবজাতির অবমাননা হয়েছে। কোন মানুষকে এভাবে প্রকাশ্যে ঘোরানোর এখতিয়ার কাউকে দেওয়া হয়নি। কেউ আইন নিজের হাতে তুলে নিতে পারেনা। কোন অপরাধ সংঘটিত হলে আদালতের মাধ্যমে বিচার সম্পন্ন হবে। যারা এঘটনার সাথে জড়িত তাদের প্রত্যেকের দৃষ্টান্তমূলক শাস্তি হওয়া উচিত। এজন্য গণমাধ্যমে সংবাদটি প্রকাশিত হওয়ার পরই ২৩ আগস্ট ২০২০ তারিখে ঘটনার বিষয়ে যথাযথ আইনি ব্যবস্থা গ্রহণ করে দ্রুততার সাথে কমিশনকে অবহিত করার জন্য পুলিশ সুপার, কক্সবাজার বরাবর কমিশন থেকে পত্র প্রেরণ করা হয়। পাশাপাশি, ভুক্তভোগী মা-মেয়ের পক্ষে মামলা লড়ার জন্য কমিশনের প্যানেল আইনজীবী জনাব আ. জ. ম. মাইনুদ্দিনকে নিয়োগ দেয় কমিশন। তিনি তাদের জামিনের ব্যবস্থা করেছেন। তাদের প্রতি যে বর্বর আচরণ করা হয়েছে তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়ার জন্য কমিশনের আইনজীবীকে নির্দেশনা দেওয়া হয়েছে। সর্বোপরি, এই ঘটনায় অসহায় এই দুই নারীর পাশে থাকবে কমিশন।

ধন্যবাদান্তে,

ফারহানা সাঈদ

জনসংযোগ কর্মকর্তা

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ